দৈনিক খবর

তারিখ ... 01 OCT 1991 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 6

76

# বিশ্ববিদ্যালয় এফ রহমান হলে পানি সংকট

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের এ এফ রহমান হলে অনেকদিন যাবৎ পানির তীব্র সমস্যা বিরাজ করছে। ওয়াসার পানির সার্ভিস থাকা সত্ত্বেও প্রতিদিন ছাত্রদের পানি সংকটের মুখোমুখি হতে হয়।

গত নয়মাস যাবৎ ছাত্ররা এ পানি সংকটের শিকার। ইদানীং বিকেলে ও রাতে পানি না থাকার কারণে ছাত্রদের স্বাভাবিক জীবন বিঘ্নিত হচ্ছে।

এ এফ রহমান হলে পানি রাখার জন্য বিশেষ কোন ব্যবস্থা নেই। হলের বাইরে একটি পানির ট্যাংক অত্যন্ত দুরবস্থায় দাঁড়িয়ে আছে যা শুধুমাত্র পানির প্রবাহ থাকাকালীন অবস্থায়ই পানির নিশ্চয়তা দিতে পারে।

এ অবস্থায় পানির ব্যাপক অপচয় হচ্ছে। পানির লাইনে ছিদ্র থাক[illegible] কারণে প্রবাহ চলাকালীন সময়ে প্রা[illegible] পানি বাইরে চলে যায় এবং পা[illegible] রিজার্ভ ট্যাংকে আর কোন পা[illegible] অবশিষ্ট থাকে না।

কর্তৃপক্ষের চোখের সামনে প্রতিনিয়ত এ ঘটনা ঘটতে থাকলেও কর্তৃপক্ষ কোন ব্যবস্থা গ্রহণ করছে না। হল ছাত্র সংসদেরও এ ব্যাপারে কোন মাথা ব্যথা নেই।

অপরদিকে রাতে বা দিনে যখন দীর্ঘক্ষণ পর্যন্ত পানির প্রবাহ থাকে না, তখন সাধারণ ছাত্ররা প্রচন্ড রকম অসুবিধার সম্মুখীন হন। ছাত্ররা ইতিমধ্যেই এ ব্যাপারে হল সংসদসহ কর্তৃপক্ষের সাথে আলোচনা করেছেন।